

ঢাকা ওয়াসা

- ১। অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনা।
- ২। মাননীয় ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক প্রশাসনিক অনুমোদন।
- ৩। কোটেশন প্রদানে ঠিকাদারগণকে চিঠি।
- ৪। ঠিকাদার প্রতিষ্ঠান হতে প্রাপ্ত কোটেশন।
- ৫। সর্বনিম্ন কোটেশন দাতা ঠিকাদারকে নোগোসিয়েশনের চিঠি।
- ৬। সর্বনিম্ন কোটেশন দাতা ঠিকাদার হতে প্রাপ্ত রিভাইজড কোটেশন।
- ৭। ঠিকাদার প্রতিষ্ঠানের ডকুমেন্টস
- ৮। বিস্তারিত হিসাব বিবরণী
- ৯। বিভাগীয় প্রাক্কলন।

বিষয়ঃ পদ্মা পানি শোধনাগার-এর অধীনে “Sub-soil investigation for construction of multi-purpose building at PWTP” শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৪৫০ এমএলডি ক্ষমতাসম্পন্ন পদ্মা পানি শোধনাগার বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার অন্যতম বৃহৎ পানি শোধনাগার। পদ্মা পানি শোধনাগারের IPS, WTP & BPS এই তিনটি ইউনিট সার্বক্ষণিক চালু রেখে পানি সরবরাহ নিরবচ্ছিন্ন রাখা হয়। এই সকল ইউনিটে ঢাকা ওয়াসার বিভিন্ন পর্যায়ের ১০৯ জন জনবল ও তাদের পরিবার এবং নিরাপত্তায় নিয়োজিত পুলিশ আনসার ও G4S এর প্রায় ৪০ জন লোকবল অবস্থান করেন। পদ্মা পানি শোধনাগারটি সম্পূর্ণ আবাসিক স্থাপনা হওয়ায় ও শোধনাগারটি লোকালয় হতে দূরে কিছু এর অভ্যন্তরে কোন ইনডোর গেমস ও জিমনেসিয়ামের সুব্যবস্থা নেই। তাছাড়া এই বিপুল লোকবলের নামাজের জন্য কোন মসজিদ না থাকায় একটি অস্থায়ী রুমে নামাজের ব্যবস্থা করা আছে যা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল। তাছাড়া এই বিপুল জনবলের জন্য কোন ক্যান্টিন ও রান্নাঘরের ব্যবস্থা না থাকায় প্রকল্প চলাকালীন চাইনিজ জনবলের ব্যবহৃত অস্থায়ী স্থাপনায় ঝুঁকিপূর্ণভাবে কর্মকর্তা কর্মচারীদের রান্না ও খাবার গ্রহণ করতে হচ্ছে। ফলে পদ্মা পানি শোধনাগারে কর্মরত জনবলের কর্মস্পৃহা ও কর্মচাঞ্চল্য হ্রাস পাচ্ছে। বিগত ২৩/১১/২৪ ইং তারিখ মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় পদ্মা পানি শোধনাগার পরিদর্শনকালে ঢাকা ওয়াসার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দের উপস্থিতিতে প্রশাসনিক ভবনের সাথে সাদৃশ্য রেখে মসজিদ, ক্যান্টিন, ইনডোর গেমস ও জিমনেসিয়াম সুবিধা সম্বলিত একটি মাল্টিপারপাস ভবন নির্মাণের জন্য অত্র দপ্তরকে নির্দেশনা প্রদান করেন। সেই প্রেক্ষিতে পদ্মা পানি শোধনাগার প্রশাসনিক ভবনের সাথে সাদৃশ্য রেখে মসজিদ, ক্যান্টিন, ইনডোর গেমস ও জিমনেসিয়াম সুবিধা সম্বলিত একটি মাল্টিপারপাস ভবন নির্মাণে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক প্রশাসনিক অনুমোদন প্রদান করেন (সংযুক্ত ক্রমিক-২)।

২। পদ্মা পানি শোধনাগার এর মসজিদ, ক্যান্টিন, ইনডোর গেমস ও জিমনেসিয়াম সুবিধা সম্বলিত একটি মাল্টিপারপাস ভবনের সয়েল টেস্টসহ নক্সা প্রণয়ন করার জন্য প্রাপ্ত কোটেশন মোতাবেক একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০৬,০৭ ও ০৯ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২,৯৪,৪০০.০০ (দুই লক্ষ চুরানব্বই হাজার চারশত) টাকা। কাজটি অতীব জরুরি বিধায় পিপিআর ২০২৫ এর বিধি ৯৮ (১/ক) অনুযায়ী সংগৃহীত কোটেশন অনুযায়ী সর্বনিম্ন দরদাতা ঠিকাদার হাইড্রোম্যাক কনস্ট্রাকশন কোং এর সাথে সরাসরি চুক্তি পদ্ধতিতে (Direct Contracting) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনায় (ক্রমিক নং-২৪৪ প্যাকেজ নং APP/25-26/W/63) রাজস্ব বাজেটের Water & sewage treatment plant খাতের বরাদ্দ হতে নির্বাহ করে সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগার-এর মসজিদ, ক্যান্টিন, ইনডোর গেমস ও জিমনেসিয়াম সুবিধা সম্বলিত একটি মাল্টিপারপাস ভবনের সয়েল টেস্টসহ নক্সা প্রণয়ন করার জন্য করার লক্ষ্যে Sub-soil investigation for construction of multi-purpose building at PWTP” কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৯৮ (১/ক) অনুযায়ী ঠিকাদার হাইড্রোম্যাক কনস্ট্রাকশন কোং এর সাথে সরাসরি চুক্তি পদ্ধতিতে (Direct Contracting) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২,৯৪,৪০০.০০ (দুই লক্ষ চুরানব্বই হাজার চারশত) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিচালনায় (ক্রমিক নং-২৪৪ প্যাকেজ নং APP/25-26/W/63) রাজস্ব বাজেটের Water & sewage treatment plant নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি তত্তাবধায়ক প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।


মিঃ তাজিম

মিল্টন তঞ্চঙ্গ্যা
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াশা





25.05.2026

মোহাম্মদ সোহেল রানা
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াশা।




Adonis
08.06.2026

SE, WSPCL


গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াশা

০৪/০৬/২০২৬

XEW(PWTP)


08/06/2026

গাজী আসরিব বিন সালাম
তত্তাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াশা

মির্জা গোলাম কিবরিয়া
তত্তাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াশা